

## রংপুর সরকারি কলেজে ছাত্রলীগের দুর্ঘটনাপে সংঘর্ষ : আহত ২৫, আটক ৩

প্রতিনিধি, রংপুর

গতকাল দুপুরে রংপুর সরকারি কলেজে জাসদ ছাত্রলীগ আর সরকার সমর্থিত ছাত্রলীগের মধ্যে ধাওয়া পাশ্চা ধাওয়া, ককটেল বিকোরণ আর সংঘর্ষে ১৫ জন আহত হয়েছে। পুলিশ জাসদ ছাত্রলীগের কলেজ শাখার সভাপতি শ্যামলসহ ৩ নেতাকে গ্রেফতার করে অমানুষিক নির্যাতন করে থানায় নিয়ে গেছে বলে দলের নেতা কর্মীরা অভিযোগ করেছে। পুলিশ ও প্রভাকর্ষণী ও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, রংপুর সরকারি কলেজের তৃতীয় ভবনের সামনে জাসদ ছাত্রলীগের একটি ব্যানার ছিল। সেই ব্যানার ছাত্রলীগ কর্মীরা ফুলে তাদের ব্যানার লাগিয়ে দেয়। গতকাল শনিবার সকালে আবার জাসদ ছাত্রলীগ কর্মীরা ছাত্রলীগের ব্যানার ফুলে তাদের ব্যানার লাগিয়ে দেয়। পাশ্চা পাশ্চি ব্যানার লাগানোর ঘটনাকে কেন্দ্র করে দু'দলের মধ্যে চরম উত্তেজনা বিরাজ করছিল। দুপুর সোয়া ২টার দিকে দু'দলের মধ্যে ধাওয়া পাশ্চা ধাওয়া শুরু হয়। এ সময় কলেজ ক্যাম্পাসে দুটি ককটেল বিকোরিত হয়। দুই দলের নেতাকর্মীরা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় উভয় পক্ষ লাঠিদোঁটা, ছোঁরা, চাইনিজ কুড়ালসহ ধারালো অস্ত্র নিয়ে একে অপরের বিরুদ্ধে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে উভয় পক্ষের ২৫ জন আহত হয়।

ববর পেয়ে পুলিশ দ্রুত ঘটনা স্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। এরপর দুপুর সোয়া ৩টার দিকে আবারও দু'দল সংঘর্ষে লিপ্ত হয়। এ সময় পুলিশ লাঠি চার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। জাসদ ছাত্রলীগ জেলা সভাপতি রফিকুল ইসলাম অভিযোগ করেছেন পুলিশ অন্যায়ভাবে জাসদ ছাত্র লীগের রংপুর কলেজ শাখার সভাপতি রফিকুল ইসলাম শ্যামল, শহর শাখার সভাপতি রাহেল এবং কেন্দ্রীয় কমিটির সদস্য তানভীরকে অমানুষিক নির্যাতন করে গুরুতর আহত করেছে। আহত অবস্থায় তাদের পেটাতো পেটাতো পুলিশের গাড়িতে ফুলে থানায় নিয়ে যায়।